# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০, বঙ্গবন্ধু রোড
নারায়ণগঞ্জ।

স্মারক নং- ৪৬.১৬.০০০০.০১১.০২.১৬৬.২৩/৭১৭ তারিখঃ ১২/০৩/২০২৪খ্রি.।

প্রাপকঃ

-----------------------------------------------

-----------------------------------------------

সদস্য, সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটির
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**বিষয়ঃ "সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটির" সভায় যোগদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ১৯/০৩/২০২৪খ্রি. তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর সমাজকল্যাণ বিভাগের সভা কক্ষে বর্ণিত কমিটির সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় উপস্থিত থাকার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

**আলোচ্যসূচীঃ-**

১। গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।

২। সাব-মার্সিবল স্থাপন প্রসঙ্গে।

৩। মা ও শিশু সেবা সহায়তা কার্যক্রম প্রসঙ্গে।

৪। বয়স্কভাতা সহায়তা কার্যক্রম প্রসঙ্গে।

৫। বিবিধ।

১২/৩/২০২৪
(কে.এম. ফরিদুল মিরাজ)
সদস্য সচিব
সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটি
ও
প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**অনুলিপি (সদয় অবগতির জন্য):-**

১। পি ও টু মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের অবগতির জন্য)।

২। পি ও টু সিইও, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (সিইও মহোদয়ের অবগতির জন্য)।

৩। ওয়ার্ড সচিব, ওয়ার্ড নং-১০, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (সভাপতি মহোদয়ের অবগতির জন্য)।

# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০, বঙ্গবন্ধু রোড
নারায়ণগঞ্জ
**www.ncc.gov.bd**

## সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরনী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব ইফতেখার আলম খোকন<br>কাউন্সিলর, ওয়ার্ড নং-১০ ও<br>সভাপতি, সমাজকল্যান ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটি<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সভার তারিখ | : | ১৯/০৩/২০২৪খ্রি.। |
| সভার সময় | : | সকাল ১১.০০ ঘটিকায়। |
| সভার স্থান | : | সমাজকল্যাণ বিভাগের সভা কক্ষ (৯ম তলা)। |

## সভার হাজিরা "সংযোজনী-ক" দ্বারা সংযুক্ত করা হলো।

সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটির সম্মানিত সভাপতি জনাব ইফতেখার আলম খোকন এর সভাপতিত্বে সভার কাজ শুরু হয়। আলোচ্যসূচী অনুসারে আলোচনা শুরু করার জন্য কমিটির সদস্য সচিব এবং প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ণ কর্মকর্তাকে অনুমতি প্রদান করেন।

**আলোচ্যসূচী-১: গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।**

**আলোচনা:** গত সভার কার্যবিবরনী পাঠ করেন জনাব কে.এম.ফরিদুল মিরাজ, প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**সিদ্ধান্ত:** কার্যবিবরনীটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

**আলোচ্যসূচী-২: সাব-মার্সিবল স্থাপন প্রসঙ্গে।**

**আলোচনা:** সাব-মার্সিবল স্থাপন বিষয়ে জনাব শাহানাজ বেগম সোসিও ইকোনমিক ও নিউট্রিশন এক্সপার্ট বলেন যে, SIF এর ৪টি সাব-মার্সিবল স্থাপন কার্যক্রম চলমান রয়েছে। এই ৪টি সাব-মার্সিবল কার্যক্রম যে যে ওয়ার্ড এবং সিডিসি'তে চলমান রয়েছে, তা হলো- বাজনাপাড়া একতা সড়ক সিডিসি- ১৪নং ওয়ার্ড, আহসান উল্লাহ কমিশনার বাড়ী সিডিসি- ১৬নং ওয়ার্ড, শান্তিনগর সিডিসি- ৮নং ওয়ার্ড, নূরবাগ সিডিসি- ২৩নং ওয়ার্ড।

**সিদ্ধান্ত:** এই সাব-মার্সিবল স্থাপন কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচী-৩: মা ও শিশু সেবা সহায়তা কার্যক্রম প্রসঙ্গে।**

**আলোচনা:** জনাব কে. এম. ফরিদুল মিরাজ, প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ণ কর্মকর্তা মা ও শিশু সহায়তা কার্যক্রম বিষয়ে সভাকে জানান যে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকার মে/২০২৩ মাস হতে মা ও শিশু সহায়তা কার্যক্রম চলমান রয়েছে। এই কার্যক্রমটি সঠিকভাবে বাস্তবায়নের জন্য ইতোপূর্বে সকল ওয়ার্ড সচিবগণের সাথে সভা করা হয়েছে। এই কার্যক্রমের আওতায় গত ডিসেম্বর/২০২৩ মাসে ২৭টি ওয়ার্ড হতে ১১২ জন দরিদ্র গর্ভবতী মা আবেদন করেছে। তন্মধ্যে ৯জন শর্তাবলী পূরণ না করায় প্রাথমিকভাবে বাদ দিয়ে অবশিষ্ঠ ১০৩জন আগ্রহী উপকারভোগীর আবেদন ও জানুয়ারী/২০২৪ মাসে ২৭টি ওয়ার্ড হতে ১১৭ জন দরিদ্র গর্ভবতী মা আবেদন করেছে। তন্মধ্যে ২জন শর্তাবলী পূরণ না করায় প্রাথমিকভাবে বাদ দিয়ে অবশিষ্ঠ ১১৫জন আগ্রহী উপকারভোগীর আবেদন,

এবং ফেব্রুয়ারী/২০২৪ মাসে ২৭টি ওয়ার্ড হতে ১৪৮ জন দরিদ্র গর্ভবতী মা আবেদন করেছে। তন্মধ্যে ১৩জন শর্তাবলী পূরণ না করায় প্রাথমিকভাবে বাদ দিয়ে অবশিষ্ঠ ১৩৫জন আগ্রহী উপকারভোগীর আবেদন, গত ৩মাসে মোট- ৩৫৩জন গর্ভবতী মায়ের নামের তালিকা মহিলা বিষয়ক অধিদপ্তর বরাবর প্রেরণ করা হয়েছে। এই মা ও শিশু সেবা সহায়তা কার্যক্রম এখন থেকে প্রতি মাসেই চলমান থাকবে। এ কার্যক্রমের মাধ্যমে সিটি কর্পোরেশন হতে প্রতি মাসে ১৩৫ জন করে উপকারভোগী মা এই সুবিধাটি গ্রহণ করতে পারবে।

**সিদ্ধান্ত:** মা ও শিশু সহায়তা কার্যক্রমটি অধিকতর কার্যকর করার লক্ষ্যে ওয়ার্ড সচিবগণের সাথে সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচী-৪ : বয়স্কভাতা সহায়তা কার্যক্রম প্রসঙ্গে।**

**আলোচনা:** বয়স্কভাতা সহায়তা কার্যক্রম প্রসঙ্গে জনাব কে. এম. ফরিদুল মিরাজ, প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ণ কর্মকর্তা বলেন যে, গত ২০/০২/২০২৪খ্রি. তারেখ শহর সমাজসেবা কার্যালয়, নারায়ণগঞ্জ হতে ১০-১৮নং ওয়ার্ডের প্রতিস্থাপনযোগ্য ভাতাভোগীদের কাউন্সিলর ও সংরক্ষিত কাউন্সিলদের মধ্যে বিভাজন করে দেওয়ার জন্য একটি পত্র পেয়েছি। সে প্রেক্ষিতে মাননীয় মেয়র মহোদয় এ কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়নের জন্য ১০-১৮নং ওয়ার্ডের কাউন্সিলর ও সংরক্ষিত কাউন্সিলদের মধ্যে সংখ্যা তাত্বিক বিভাজন করে পত্র প্রেরণ করেছে এবং দ্রুততম সময়ের মধ্যে অনলাইনে আবেদন পূর্বক শহর সমাজসেবা কার্যালয়, নারায়ণগঞ্জ বরাবর প্রেরণ করার অনুরোধ জানিয়েছেন।

**সিদ্ধান্ত:** দ্রুততম সময়ের মধ্যে প্রতিস্থাপনযোগ্য ভাতাভোগীদের আবেদন কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট কাউন্সিলর বরারবর পত্র প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচী-৫ : বিবিধ।**

**আলোচনা:** জনাব শাহানাজ বেগম, সোসিও ইকোনমিক ও নিউট্রিশন এক্সপার্ট জানান যে, গত ত্রৈমাসিক সভায় আলোচিত LIUPC ও ডাক্তার ভাই প্রকল্পের ডিজিটাল হেলথ ইনফরমেশন সার্ভিসের যে কার্যক্রমটি ২৭টি ওয়ার্ডের সর্ব সাধারনের জন্য উন্মুক্ত ছিল, সে কার্যক্রমটটি স্থগিত করা হয়েছে।

বিবিধতে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

19.03.24

জনাব ইফতেখার আলম খোকন

সভাপতি

সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটি

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

"সংযোজনী-ক"

# সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটির সভার হাজিরা।

সভার স্থান : সমাজকল্যাণ বিভাগের সভা কক্ষ (৯ম তলা)

সভার তারিখ : ১৯/০৩/২০২৪খ্রি., সকাল ১১.০০ ঘটিকা।

## সভায় উপস্থিতির তালিকা

| ক্রঃ নং | নাম | কমিটিতে দায়িত্ব | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | ডা. সেলিনা হায়াৎ আইভী<br>মেয়র<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | সদস্য | |
| ০২ | জনাব ইফতেখার আলম খোকন<br>কাউন্সিলর, ওয়ার্ড নং-১০<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | সভাপতি | 19.03.24 |
| ০৩ | জনাব শারমিন হাবিব বিন্নি<br>কাউন্সিলর, ওয়ার্ড নং-১৩,১৪,১৫<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | সদস্য | |
| ০৪ | জনাব গোলাম মুহাম্মদ সাদরিল<br>কাউন্সিলর, ওয়ার্ড নং-৫<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | সদস্য | ১৯/০৩/২৪ |
| ০৫ | জনাব মোখলেছুর রহমান চৌধুরী<br>কাউন্সিলর, ওয়ার্ড নং-১৯<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | সদস্য | |
| ০৬ | জনাব কে.এম.ফরিদুল মিরাজ<br>প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ণ কর্মকর্তা<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | সদস্য-সচিব | ১৯/৩/২০২৪ |